

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 14-02-2025

Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) পশ্চিম মেদিনীপুরের শালবনীতে সরকারি-বেসরকারি যৌথ অংশীদারিত্বে রাজ্যের প্রথম তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি হতে চলেছে।
- ২) অন্ধ্রপ্রদেশে বার্ড ফ্লু ছড়িয়ে পড়ার দরুণ সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে রাজ্য সরকার আগামী তিন মাসের জন্য ওই রাজ্যের তিনটি জেলা থেকে ডিম ও মুরগি আমদানিতে নিষেধাজ্ঞা জারি করেছে।
- ৩) রাজ্যের বাজারে নেপাল এবং ভুটান থেকে আসা নিম্নমানের চা পাতার রমরমা রুখতে আন্তর্জাতিক সীমান্ত চেকপোস্টে চা পরীক্ষা কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।
- ৪) কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে পূর্ব বর্ধমানে রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের Rally-র অনুমোদন দিয়েছে।
- ৫) ঠাকুর পঞ্চগনন বর্মার ১৬০তম জন্মবার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- ৬) উত্তরাখণ্ডে আয়োজিত ন্যাশনাল গেমসে বাংলা এবার ১৬-টি সোনা সহ ৪৭-টি পদক নিয়ে অষ্টম স্থানে থেকে প্রতিযোগিতা শেষ করেছে।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের শালবনীতে সরকারি-বেসরকারি যৌথ অংশীদারিত্বে রাজ্যের প্রথম তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরি হতে চলেছে। রাজ্যের দেওয়া জমিতে দু'টি ৮০০ মেগাওয়াট তাপবিদ্যুৎ ইউনিট গড়তে ১৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে জেএসডব্লিউ গোষ্ঠী। ২০৩০ সাল নাগাদ এই কেন্দ্র থেকে বিদ্যুৎ উৎপাদন শুরু হওয়ার কথা। যার পুরোটাই কিনে নেবে রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা। এ জন্য প্রতি ইউনিটের দাম ধার্য হয়েছে ৫ টাকা ৪৫ পয়সা। সদ্য সমাপ্ত বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে এই মর্মে রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগম ও জেএসডব্লিউ গোষ্ঠীর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ২৫ বছর ধরে বিদ্যুৎ কেন্দ্রটি চালিয়ে ওই সংস্থা তারপর সেটি রাজ্যের হাতে তুলে দেবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বছর দেড়েকের মধ্যেই বৃহত্তর কলকাতায় পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি গ্যাস সংযোগ পৌঁছে যাবে বলে সরকার জানিয়েছে। রাজ্য বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, পশ্চিমবঙ্গে পাইপে রান্নার গ্যাস সরবরাহের জন্য কাজ চলছে। ৭৯৫ কিলোমিটার পাইপলাইন বসানোর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। এ প্রসঙ্গে ওই প্রকল্পের দায়িত্বে থাকা বেঙ্গল গ্যাস কোম্পানির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক তথা গেইলের এক্সিকিউটিভ ডিরেক্টর অনুপম মুখোপাধ্যায় বলেন, ২০২৬ সালের মাঝামাঝি সময়ের মধ্যে কলকাতার লাগোয়া নিউ টাউনে পাইপবাহিত গ্যাস সরবরাহ শুরু হবে। পরে ধাপে-ধাপে ইএম বাইপাস লাগোয়া চিংড়িঘাটা থেকে শহরতলির গড়িয়া পর্যন্ত তা পৌঁছে যাবে। তিনি বলেন, কল্যাণীর গয়েশপুর পর্যন্ত এই পাইপলাইন পৌঁছেছে। এবার কল্যাণী এক্সপ্রেসওয়ে ধরে ব্যারাকপুর পর্যন্ত তা এগিয়ে নিয়ে যাওয়া হবে। তারপর পৌঁছে যাবে নিউ টাউনে। আপাতত নিউ টাউনের অভ্যন্তরীণ পাইপলাইন পুরোপুরি তৈরি হয়ে গেছে। হলদিরামের কাছে পাইপলাইন পৌঁছালেই পরিষেবা চালু করে দেওয়া যাবে বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০

অন্ধ্রপ্রদেশে বার্ড ফ্লু ছড়িয়ে পড়ার দরুন সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে রাজ্য সরকার আগামী তিন মাসের জন্য ওই রাজ্যের তিনটি জেলা থেকে ডিম এবং মুরগি আমদানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী স্বপন দেবনাথ জানিয়েছেন, পরিস্থিতি পর্যবেক্ষণ করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। এছাড়া, রাজ্য সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তর থেকে সমস্ত পোলট্রি ফার্মকে সতর্ক করা হয়েছে। যদি কোন পোলট্রিতে হাঁস বা মুরগির মধ্যে ঝিমুনি, খিদে না পাওয়া, বা বার্ড ফ্লুর অন্য কোনও উপসর্গ দেখা যায়, তবে সেটিকে আলাদা করে রাখতে হবে এবং তার ৩ কিলোমিটারের মধ্যে বিশেষ নজরদারি চালাতে হবে। এই ধরনের সতর্কতা মূলত বার্ড ফ্লু প্রতিরোধে জরুরি পদক্ষেপ হিসেবে গ্রহণ করা হয়েছে।

এদিকে রাজ্যের পোলট্রি মালিক সংগঠনের তরফে জানানো হয়েছে তারা সবরকম সতর্কতা অবলম্বন করছেন। ওয়েস্ট বেঙ্গল পোলট্রি ফেডারেশনের সাধারণ সম্পাদক মদনমোহন মাইতি বলেন, মুরগির মাংসের জন্য রাজ্য স্বনির্ভর। ফলে আতঙ্কের কারণ নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বাজারে নেপাল এবং ভুটান থেকে আসা নিম্ন মানের চা পাতার রমরমা আটকাতে আন্তর্জাতিক সীমান্ত চেকপোস্টে চা পরীক্ষা কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেখানে নমুনা সংগ্রহ করে চা উৎপাদনে নিষিদ্ধ কীটনাশকের ব্যবহার হয়েছে কিনা তা খতিয়ে দেখা হবে। ঐ কেন্দ্র থেকে ছাড়পত্র পেলে তবেই সীমান্ত পেরিয়ে চা পাতা বোঝাই গাড়ি এ রাজ্যে প্রবেশের অনুমতি পাবে।

শ্রমমন্ত্রী মলয় ঘটক জানিয়েছেন, সীমান্তে দায়িত্বপ্রাপ্ত শুদ্ধ বিভাগকে এব্যাপারে কার্যকারী ভূমিকা গ্রহণের অনুরোধ জানিয়ে রাজ্য সরকারের তরফে চিঠি দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, রাজ্য সরকার চা উৎপাদনে ২০টিরও বেশি কীটনাশকের ব্যবহার নিষিদ্ধ করেছে। কিন্তু বর্তমানে নেপাল, ভুটান থেকে আমদানি করা চা পাতায় তার ব্যবহার

হচ্ছে কি না সেব্যাপারে নিশ্চিত হতেই এই সিদ্ধান্ত। পাশাপাশি অসম থেকেও যেহেতু ভালো পরিমাণ চা আমদানি করা হয়, তাই সংশ্লিষ্ট আন্তঃরাজ্য সীমান্তেও একই নিয়ম চালু হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

অসুস্থ মেয়ে হাসপাতালে বমি করায় বাবাকে দিয়ে জোর করে তা পরিষ্কার করানোর ঘটনায় রাজ্য সরকার নদীয়া জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কাছে রিপোর্ট তলব করেছে। এর প্রেক্ষিতে শান্তিপুর জেলা হাসপাতালের সুপারকে তাঁর বক্তব্য জানাতে বলা হয়েছে।

উল্লেখ্য গত বুধবার রাতে শান্তিপুরের বাসিন্দা সমীর শীল তার অসুস্থ পাঁচ বছরের মেয়েকে নিয়ে হাসপাতালে গেলে এমার্জেন্সিতে আচমকাই শিশুটি বমি করে ফেলে। এমার্জেন্সিতে কর্তব্যরত চিকিৎসক তার বাবাকে দিয়ে জোর করে সেই বমি পরিষ্কার করান বলে অভিযোগ। হাসপাতালের সুপারের কাছে আজ সমীরবাবু লিখিত অভিযোগের দায়ের করেন।

তবে, অভিযুক্ত চিকিৎসক জানিয়েছেন, জোর করার কোন ঘটনাই ঘটেনি। বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছে রোগী কল্যাণ সমিতিও।

এদিকে, ঘটনার একটি ভিডিও প্রকাশ্যে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারি আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার

করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের আপত্তি খারিজ করে দিয়ে আগামী রবিবার পূর্ব বর্ধমানের সাই কমপ্লেক্সে, রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ আর এস এসের র্যালির শর্তসাপেক্ষে অনুমোদন দিল কলকাতা হাইকোর্ট। সংঘের প্রধান মোহন ভাগবত এই সভায় বক্তব্য রাখবেন। মাধ্যমিক সহ অন্যান্য পরীক্ষা চলাকালীন এ ধরনের সভায় লাউডস্পীকার বাজলে অতিরিক্ত আওয়াজে পরীক্ষার্থীদের অসুবিধা হবে - এই কারণ দেখিয়ে এর আগে পুলিশ এই সভার অনুমোদন বাতিল করে দেয়। এরপরই উদ্যোক্তাদের পক্ষ থেকে হাইকোর্টে আবেদন জানানো হলে বিচারপতি অমৃতা সিনহা তা খারিজ করে দেন। তবে বেশ কিছু শর্ত রাখা হয়েছে। মানুষের জমায়েত এবং লাউডস্পীকার এর তীব্রতা যতটা সম্ভব কম রাখতে হবে বলে, বিচারপতি জানান। রবিবার কোনো মাধ্যমিক পরীক্ষা নেই বলেও আদালত তাঁর পর্যবেক্ষণে জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার সাগরের ঘোড়ামারা দ্বীপের কাছে মুড়িগঙ্গা নদীতে দুর্ঘটনাগ্রস্ত বাংলাদেশী পন্যবাহী বার্জ সি ওয়ার্ল্ড অর্দেক ডুবে গেছে। নদীর চড়ায় ধাক্কা মারার পর পাটাতনের পাশাপাশি মাঝের অংশ থেকে বার্জটি দু'ভাগ হয়ে যায়। ইতিমধ্যেই ডুবেছে ইঞ্জিনের অংশ। কলকাতা বন্দর কর্তৃপক্ষের তরফে ডুবন্ত বার্জ থেকে জল, নদীতে ফেলে দিতে শ্রমিকরা উদ্ধারের কাজ চালাচ্ছেন। তবে, এই জলে মিশে রয়েছে বার্জের মোবিল ও ফ্লাই অ্যাস। এরফলে নদীতে দূষণের আশঙ্কা করছেন, মৎস্যজীবীরা। এই

এলাকায় প্রচুর প্রান্তিক মৎস্যজীবী মাছ ধরেন। তাই বার্জটি পুরোপুরি ডুবে গেলে সমস্যা বাড়তে পারে।

জেলা প্রশাসনের পক্ষ থেকে কলকাতা বন্দর কর্তৃপক্ষকে দ্রুত ব্যবস্থা নেওয়ার আবেদন জানানো হয়েছে।

অন্যদিকে, বার্জে থাকা ১২ জন নাবিককে সাগরে একটি ঘূর্ণিঝড় কেন্দ্রে রেখে তাঁদের থাকা ও খাওয়ার বন্দোবস্ত করা হয়েছে।

উল্লেখ্য, বজবজ থেকে বাংলাদেশ যাওয়ার পথে গতকাল দুপুরে দুর্ঘটনার কবলে পড়ে ওই বাংলাদেশী পণ্যবাহী বার্জ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুরে সুফি সাধক বড় হুজুরের উরুশ উৎসবে এবার বাংলাদেশের অশান্ত পরিস্থিতির জন্য সেখান থেকে পুণ্যার্থীদের নিয়ে কোন ট্রেন আসছে না। আমাদের জেলা সংবাদদাতা এখবর দিয়ে জানাচ্ছেন, গত ১০০ বছরের বেশি সময় ধরে বাংলাদেশের রাজবাড়ি থেকে একটি স্পেশাল ট্রেন পুণ্যার্থীদের নিয়ে মেদিনীপুরে আসতো। এবছর উরুশ উৎসব পালিত হবে নির্দিষ্ট দিনে আগামী ১৭ই ফেব্রুয়ারী।

বাংলাদেশী পুণ্যার্থীরা উরুশে আসলে কয়েকদিনেই ৩০কোটি টাকার ব্যবসা হতো বলে জানা গেছে। যার অনেকটাই এই বছর ব্যাহত হবে। তবে, উরুশে-এর প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের গিতালদহের হরিদাস খামার সীমান্তে তিন নম্বর গেটের কাছে বাংলাদেশী দুষ্কৃতিরা বিএসএফ কর্মীদের লক্ষ্য করে হামলা চালালে উত্তেজনা ছড়ায়। ঘটনায় এক সেনা জওয়ান আহত হয়েছেন। জানা গেছে, কাঁটাতারের বেড়ার ওপারে

ভারতীয় জমিতে টহলরত সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানদের লক্ষ্য করে বাংলাদেশ থেকে দুকৃতীরা ইঁট পাটকেল ছুঁড়তে থাকে। খবর পেয়ে দিনহাটা থানার পুলিশ সেখানে পৌঁছায়। আপাতত পরিস্থিতি নিয়ন্ত্রনে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ঠাকুর পঞ্চগনন বর্মার ১৬০তম জন্মবার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শিলিগুড়ি নৌকা ঘাট মোড়ে ঠাকুর বর্মার মূর্তিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব এবং বিজেপির বিধায়ক শংকর ঘোষ, শিখা চ্যাটার্জি ও সাংসদ খগেন মুর্মু সহ অন্যান্যরা। মেয়র গৌতম দেব জানান, নৌকা ঘাট মোড়টি পঞ্চগনন বর্মার নামাঙ্কিত করার জন্য একটি প্রস্তাব পাঠানো হবে।

অন্যদিকে, বিজেপি সাংসদ খগেন মুর্মু, ঠাকুর পঞ্চগনন বর্মাকে রাজবংশী সহ সমাজের সর্বস্তরের কাছে দেব চিত্র মানুষ হিসেবে উল্লেখ করেন।

এদিকে, রাজ্য সরকার আজকের দিনটি উপলক্ষ্যে ছুটি ঘোষণা করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ফ্ল্যাগ ফান্ডেশন অফ ইন্ডিয়ার ১৬৭-তম অনুষ্ঠানে আজ দার্জিলিং-এর বাতাসিয়া যুদ্ধ স্মারকে ৭২ ফুট লম্বা ভারতীয় পতাকা স্থাপন করা হয়েছে। রাজ্যপাল সি ভি আনন্দ বোস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি বলেন, ঐতিহ্যবাহী বাতাসিয়া যুদ্ধ স্মারকে দীর্ঘ পতাকা দন্ড নির্মাণের কাজ সফলভাবে সম্পন্ন হওয়া এক উল্লেখযোগ্য কৃতিত্ব। এর আগে বাগডোগরা বিমানবন্দরে নেমে তিনি আজকের দিনে পুলওয়ামায় জঙ্গি হামলায় নিহত শহীদ জওয়ানদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর কলকাতার বড়তলা থানা এলাকায় এক অসুস্থ বৃদ্ধাকে আগ্নেয়াস্ত্র দেখিয়ে দুঃসাহসিক ডাকাতির ঘটনায় পুলিশ তদন্ত চালাচ্ছে। জানা গেছে, কয়েকদিন আগে বৃদ্ধার ফিমার বোন ভেঙে যাওয়ায় এক ফিজিওথেরাপিষ্ট বাড়িতে আসা যাওয়া করছিলেন। তাকেও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, অতীতের চেয়ে রাজ্যে অপরাধ কমেছে। কোনো ঘটনা ঘটে থাকলে পুলিশ প্রশাসন যথাযথ ব্যবস্থা নেবে।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

উত্তরাখণ্ডে ন্যাশনাল গেমসে বাংলা এবার ১৬ টি সোনা সহ ৪৭ টি পদক জয় করেছে। এর মধ্যে রয়েছে ১৩ টি রূপো এবং ১৮ টি ব্রোঞ্জ। পদক তালিকায় বাংলা অষ্টম স্থানে থেকে প্রতিযোগিতা শেষ করেছে।

উল্লেখ্য, আজই জাতীয় গেমস শেষ হয়েছে। সার্ভিসেস ৬৮ টি সোনা, ২৬ টি রূপো, ২৭ টি ব্রোঞ্জ পদক নিয়ে পদক তালিকায় শীর্ষ স্থান পেয়েছে। দ্বিতীয় স্থানে রয়েছে মহারাষ্ট্র এবং হরিয়ানা তৃতীয় স্থান রয়েছে। আগামী বছর ন্যাশনাল গেমস মেঘালয়ে অনুষ্ঠিত হবে।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○